আপত্তিকর ভিডিও ভাইরাল, নারীকে স্ত্রী দাবি জামায়াত নেতার



ছবি: সংগৃহীত

মাদারীপুরের শিবচরে এক নারীর সঙ্গে আপত্তিকর অবস্থায় ধরা পড়ার অভিযোগে নিলখী ইউনিয়ন জামায়াতের নেতা তাইজুল ইসলামকে দলীয় দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। মঙ্গলবার সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে শিবচর উপজেলা জামায়াত।

উপজেলা জামায়াতের সেক্রেটারি ইউসুফ হাওলাদারের সই করা বিজ্ঞপ্তিতে বলা হয়, তাইজুল ইসলাম কোনো ইউনিটের সভাপতি নন, দায়িত্ব পালন করছিলেন। অভিযোগ ওঠার পর তাঁকে অব্যাহতি দেওয়া হয়েছে।

এদিকে নিজের ফেসবুক পোস্টে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওর নারীকে স্ত্রী বলে দাবি করেছেন তাইজুল ইসলাম।

অভিযোগ প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে সাংগঠনিক নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিবচর উপজেলা জামায়াতের আমির মো. সরোয়ার হোসেন মৃধা।

শিবচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) মো. রাকিবুল হাসান জানান, আপত্তিকর ভিডিও ধারণের অভিযোগ ও প্রাণনাশের হুমকির বিষয়ে মাদ্রাসাশিক্ষক মো. আবুল কালাম আজাদ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। এ বিষয়ে পুলিশের কাছে আপাতত নতুন কোনো তথ্য নেই।